



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা



নং-৩বি/৭৪হিঃ/২০১৪/ ৬৯/১১

-হিসাব

তারিখ: ০৭/০১/২০২১ খ্রিঃ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীগণের এমপিও এর অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে প্রেরণের লক্ষ্যে তথ্য হাল নাগাদ সংক্রান্ত।


সূত্র : নং-০৭.০০.০০০০.১০২.২০.০২৪.১৮-৩১৩, তারিখ: ২০/০৯/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীগণের এমপিও এর অর্থ বিতরণ সহজীকরণের লক্ষ্যে সচিব, অর্থ বিভাগ এর সভাপতিত্বে বিগত ০২.০৯.২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভায় শিক্ষক-কর্মচারীগণের এমপিও এর অর্থ প্রাপ্তির জন্য ব্যবহৃত ব্যাংক একাউন্টে G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে অনলাইন এমপিও সিস্টেমে প্রয়োজনীয় আপগ্রেডেশনের উদ্যোগ নেয়া হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীগণের এমপিও এর অর্থ EFT এর মাধ্যমে প্রেরণের ক্ষেত্রে শিক্ষক-কর্মচারীগণের নিম্নে বর্ণিত তথ্য সঠিক থাকতে হবে:

- ১। শিক্ষক-কর্মচারীগণের জাতীয় পরিচয় পত্রের নম্বর ( NID);
- ২। এস.এস.সি/দাখিল/সমমান সনদ অনুযায়ী শিক্ষক-কর্মচারীগণের নাম (এস.এস.সি/দাখিল/সমমান সনদপত্র, এমপিও শীট ও জাতীয় পরিচয় পত্রের নাম একই রকম থাকতে হবে);
- ৩। যে সকল কর্মচারীর এস.এস.সি/দাখিল/সমমান সনদ নেই তাদের সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ, এমপিও শীট ও জাতীয় পরিচয় পত্রের নাম একই রকম থাকতে হবে);
- ৪। ব্যাংক হিসাবের নাম শিক্ষক-কর্মচারীগণের নিজ নামে থাকতে হবে;
- ৫। ব্যাংকের নাম, শাখার নাম ও রাউটিং নম্বর;
- ৬। শিক্ষক-কর্মচারীগণের ব্যাংক হিসাব নম্বর (অনলাইন ব্যাংক হিসাব নম্বর ১৩ থেকে ১৭ ডিজিট);
- ৭। শিক্ষক-কর্মচারীগণের জন্ম তারিখ;
- ৮। শিক্ষক-কর্মচারীগণের বেতন কোড ও বেতন কোডের ধাপ;
- ৯। শিক্ষক-কর্মচারীগণের মোবাইল নম্বর;

সকল তথ্য সঠিক না থাকলে EFT এর মাধ্যমে প্রেরিত এমপিও এর অর্থ শিক্ষক-কর্মচারীর ব্যাংক হিসাবে জমা হবে না। উল্লিখিত তথ্যসমূহ প্রতিষ্ঠান প্রধানগণের মাধ্যমে অনলাইনে সংগ্রহের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে শীঘ্রই EMIS সফটওয়্যারের লিংকসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

এমতাবস্থায়, উল্লিখিত তথ্যসমূহ সঠিকভাবে সংগ্রহ করে প্রস্তুত থাকার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষক-কর্মচারীগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ রুহুল মমিন)  
উপ-পরিচালক (সাঃ প্রশাঃ)  
ফোন: ৯৫৫৩৬০৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিবহন ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- সকল অঞ্চল;
- ৩। উপ-পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- সকল অঞ্চল;
- ৪। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- সকল অঞ্চল;
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৬। জেলা শিক্ষা অফিসার, ----- (সকল);
- ৭। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- সকল অঞ্চল;
- ৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, (এম.পি.ও.ভুক্ত স্কুল/কলেজ) ----- (সকল);
- ৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----- (সকল);
- ১০। পি.এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১১। অফিস নথি;